২৭ জুন ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

# রাজধানীর মিরনজিল্লা হরিজন কলোনিতে অবৈধ উচ্ছেদ ও হয়রানি বন্ধ এবং পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছে মানবাধিকার সংগঠনসমুহ

অতি সম্প্রতি রাজধানীর মিরনজিল্লা হরিজন কলোনিতে পুনর্বাসন না করে অবৈধ উচ্ছেদ এবং হয়রানি বন্ধ করার দাবী জানাচ্ছে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), নাগরিক উদ্যোগ, মানুষের জন্য ফাউন্ডেশন, মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ), এসোসিয়েশন ফর ল্যান্ড রিফর্ম এন্ড ডেভেলপমেন্ট (এএলআরডি) ও নিজেরা করিসহ বিভিন্ন মানবাধিকার সংগঠনসমুহ। উল্লেখ্য, উপরোক্ত বিষয়ে গত ২৬ জুন ২০২৪ তারিখ জাতীয় মানবাধিকার কমিশনের নিকট **অবৈধ উচ্ছেদ ও হয়রানি বন্ধ এবং পুনর্বাসনের জন্য প্রয়োজনীয়** ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনপত্র প্রেরণ করা হয়েছে সংগঠনগুলোর পক্ষ হতে (সংযুক্তি -১)।

সাম্প্রতিক সময়ে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, ২০২৪ সালের জুন মাসের প্রথম সপ্তাহ থেকে, রাজধানীর বংশালের ৩৩ নম্বর ওয়ার্ডের, মিরনজিল্লা হরিজন কলোনিবাসীদের উচ্ছেদের জন্য বিভিন্ন কার্যক্রম ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন হতে পরিচালনা শুরু করেছে। আধুনিক কাঁচাবাজার নির্মাণের জন্য জায়গা খালি করতে শতাধিক পুলিশ ও উচ্ছেদ পরিচালনার জন্য যানযন্ত্র (এক্সকাভেটর ও পেলোডার) নিয়ে কলোনিতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের কর্মকর্তারা উচ্ছেদ অভিযান চালায়। এ ঘটনায় হরিজন সম্প্রদায়ের মানুষের মধ্যে আতঙ্ক বিরাজ করছে এবং তারা চরম উদ্বেগ আর উৎকণ্ঠার মধ্যে দিক কাটাচ্ছে।

মহামান্য আদালত ১৯৯৯ সালে একটি জনস্বার্থ বিষয়ক মামলায় কোনোরকম পুনর্বাসনের ব্যবস্থা না করে উচ্ছেদ করা যাবে না মর্মে নির্দেশনা দিয়েছেন। এভাবে পুনর্বাসন না করে উচ্ছেদ জনগণের সাংবিধানিক অধিকারের লঙ্ঘন এবং আদালতের নির্দেশনার সুস্পষ্ট অবমাননা। অতএব বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) সহ বিভিন্ন মানবাধিকার সংগঠনসমুহ মিরনজিল্লা হরিজন কলোনিতে অবৈধ উচ্ছেদ ও হয়রানি বন্ধ এবং পুনর্বাসনের জন্য দাবী জানাচ্ছে।

প্রয়োজনে যোগাযোগ করুন
কমিউনিকেশন বিভাগ, ব্লাস্ট
Email: communication@blast.org.bd